লোকেরা যতদিন দ্রুত ইফতার করবে, ততদিন তারা কল্যাণের মধ্যে থাকবে।

সাহল বিন সা‘দ আস-সাঈদী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “লোকেরা যতদিন দ্রুত ইফতার করবে, ততদিন তারা কল্যাণের মধ্যে থাকবে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সংবাদ দিচ্ছেন যে, লোকেরা যতদিন দ্রুত ইফতার করবে, ততদিন তারা কল্যাণের ওপর থাকবেন। কেননা তারা এর মাধ্যমে সুন্নাহর অনুসরণে যত্মবান হয়। সুতরাং যখন তারা এর বিপরীত করবে এবং বিলম্বে ইফতার করবে, তখন তাদের কল্যাণ চলে যাওয়ার কারণ হবে। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর উম্মতের মাঝে যে সুন্নাত রেখে গেছেন এবং তাদেরকে যা সংরক্ষণ করতে নির্দেশ দিয়েছেন তারা সেই সুন্নাতকে আঁকড়ে ধরা ছেড়ে দিয়েছে।

https://www.sunnah.global/hadeeth/bn/show/4438